ভারতে বিটিভি’র সম্প্রচার শুরু আজ

পার্শ্ববর্তী দেশ ভারতে আজ সোমবার থেকে সম্প্রচার শুরু করছে বাংলাদেশ টেলিভিশন (বিটিভি)।

বিকেল ৩টায় রামপুরা বিটিভির মিলনায়তনে তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ এই সম্প্রচার কার্যক্রম উদ্বোধন করবেন। খবর বাসসের

ভারতের রাষ্ট্রীয় টেলিভিশন দুরদর্শনের ডিটিএইচ প্লাটফরম-ডিডি ফ্রি ডিশ এর মাধ্যমে এই সম্প্রচার কার্যক্রম পরিচালনা করবে বিটিভি।

তথ্যসচিব আবদুল মালেকের সভাপতিত্বে অনুষ্ঠানে তথ্য প্রতিমন্ত্রী ডা. মো. মুরাদ হাসান এবং বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার রিভা গাঙ্গুলী দাস বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

অনুষ্ঠানটি বাংলাদেশ টেলিভিশন সরাসরি সম্প্রচার করবে।